

ভোটার তালিকাভুক্তির জন্য বার্ষিক তথ্য-সংগ্রহের উদ্দেশ্য

প্রতি বৎসর ইলেক্টোরাল রেজিস্ট্রেশন অফিসারকে স্থানীয় ও পার্লামেন্ট নির্বাচনে ভোট দেয়ার যোগ্য মানুষদের নাম ও ঠিকানার একটি তালিকা অবশ্যই তৈরি করতে হয়। একে বলা হয় ইলেক্টরদের (বা নির্বাচকদের) রেজিস্টার এবং এটি প্রতি বছর ১ ডিসেম্বরের মধ্যে প্রকাশ করতে হয়। এই রেজিস্টার আমাদের গণতন্ত্রের ভিত্তি, সুতরাং নির্ভুল রেজিস্টার তৈরি করা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

আপনার সাথে দেখা করে তথ্য সংগ্রহ করতে ইলেক্টোরাল রেজিস্ট্রেশন অফিসার আমাকে আদেশ দিয়েছেন যাতে ভোট দেয়ার যোগ্য যেসব লোক এখানে বাস করছেন তাদের একটি হালনাগাদ তালিকা আমাদের কাছে আছে এটা নিশ্চিত হওয়া যায়। ভোটার হওয়ার যোগ্য নন এমন কোনো লোক এখানে বাস করছেন কিনা আমি তাও জানতে চাই।

এই ফরমের জন্য আমি যেসব তথ্য চাচ্ছি তা আইনের দ্বারা নির্ধারিত। এখানে বাস করছেন এমন সব মানুষের নাম আমার জানা দরকার, যারা:

- ১৬ বছর বা তার বেশি বয়সী
- ব্রিটিশ, আইরিশ বা কমনওয়েলথের নাগরিক, অথবা
- ইউরোপিয়ান ইউনিয়নভুক্ত কোনো দেশের নাগরিক

[আমার কাছে এসব দেশের তালিকা আছে]

১৫ অক্টোবর তারিখে এখানে যেসব যোগ্য লোকজন বাস করবেন তাদের সবার নাম আমার জানা দরকার।

আমরা এই তথ্যগুলো একত্রিত করে ইলেক্টোরাল রেজিস্টারটি তৈরি করবো। নির্বাচনে ব্যবহারের জন্য এবং কোর্টগুলো যখন জুরি সার্ভিসের জন্য মানুষজনকে ডাকে তার তালিকা তৈরি করতে আমরা এই রেজিস্টার ব্যবহার করি। মানুষজন যখন ঋণের (ক্রেডিট) জন্য আবেদন করে তখন ক্রেডিট রেফারেন্স এজেন্সিগুলোও এটি ব্যবহার করে।

প্রতি বাড়ি থেকে আমার একটি ফরম অবশ্যই সংগ্রহ করা উচিত। এটা আইনের বিধান। প্রতিটি বাড়ির এই ফরম অবশ্যই পূরণ করা উচিত। যদি কেউ যোগ্য না হন, তবে রেজিস্ট্রেশন ফরমটির সেকশন ৩-এ এটি নোট করে রাখা দরকার।

হতে পারে আমরা গত বৎসর আসি নি, তবে আইন এখন বদলে গেছে। সুতরাং আমাদের অবশ্যই প্রতিটি বাড়িতে যেতে হবে।

আপনি এখনই ফরমটি পূরণ করে স্বাক্ষর করে দিতে পারেন বা পোস্টে আমাকে ফেরত পাঠাতে পারেন। যদি আপনি এখনই আমাকে দিতে পারেন, তবে এই বছর আপনাকে আবার বিরক্ত করার দরকার হবে না এবং এতে খরচ কম রাখতে সাহায্য হবে।